পশ্চিমবঙ্গ সরকার

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ

পঞ্চায়েত শাখা, জেশপ বিল্ডিং,

. ৬৩,নেতাজী সুভাষ রোড,কলকাতা-১

নং ২০৭৩। পি এন। ও । এক। ১এ-১।০৪(অংশ-২) তারিখ ঃ ২৭শে মে, ২০০৫

বিষয় - গ্রাম সংসদ স্তরে গ্রাম উন্নয়ন সমিতি গঠনের বিষয়ে উত্থাপিত বিভিন্ন প্রশ্নের স্পষ্টীকরণ ।

পশ্চিমবঙ্গ পঞ্চায়েত(সংশোধনী) আইন,২০০৩ বিধিবদ্ধ হওয়ার পর ঐ সংশোধনী আইনের ২ নং ধারা (মূল আইনের ১৬ ক ধারা ) অনুযায়ী গ্রাম সংসদ স্তরে গ্রাম উন্নয়ন সমিতি গঠন করা বাধ্যতামূলক । এ বিষয়ে ইতিমধ্যে ৭ ই জানুয়ারী ২০০৫ তারিখের ১১০-পি এন।ও।এক নং আদেশনামা এবং ঐ সম্পর্কিত হাত বই প্রচার করা হয়েছে । ঐ আদেশনামা এবং হাতবই এর সাথে ধারাবাহিকতা বজায় রেখে বিভিন্ন জেলা থেকে উত্থাপিত কিছু জিঞ্জাস্যের স্পষ্টীকরণ প্রশ্নোত্তর আকারে নিম্নে প্রদত্ত হল ।

| *প্রশ্ন* | *উত্তর* |
|---|---|
| ১। গ্রাম উন্নয়ন সমিতি সংক্রান্ত পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের আদেশনামা অন্যান্য দপ্তরের কর্মচারীদের ক্ষেত্রে কিভাবে কার্যকর হবে ? | ১। সংশ্লিষ্টবিষয়ে অন্য কোন দপ্তরের উপযুক্ত কর্তৃপক্ষের পূর্ব অনুমতি নিতে হবে কিনা সে বিষয়ে স্পষ্টীকরণের জন্য অর্থ দপ্তরের মতামত নেওয়া হচ্ছে। |
| ২। গ্রাম উন্নয়ন সমিতির বিশেষ সভায় সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত প্রধান সভাপতিত্ব করলে ঐ বিশেষ সভায় সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত কর্মচারীদের মধ্য থেকে প্রিসাইডিং অফিসার নিয়োগ করার প্রয়োজনীয়তা আছে কি ? | ২। বিশেষ সংসদ সভার সভাপতি সভার শুরুতেই সভার উদ্দেশ্য সবাইকে বুঝিয়ে বলবেন। এরপর প্রিসাইডিং অফিসার নির্বাচন প্রক্রিয়া পরিচালনা করবেন। নির্বাচনের কার্যাবলী পরিচালনা করবার জন্যই গ্রাম পঞ্চায়েতের কর্মচারীদের মধ্য থেকে একজনকে ( গ্রাম পঞ্চায়েত-কর্মী বাদে) প্রিসাইডিং অফিসার নিয়োগ করতে হবে।<br>নির্বাচন প্রক্রিয়া শেষ হওয়ার পর সভার সভাপতি গ্রাম উন্নয়ন সমিতির সদস্যদের দায়িত্ব, কাজ কার্যকালের মেয়াদ এবং সভা করার নিয়মগুলি বুঝিয়ে বলবেন। সভার শেষে রেজলিউশন বইতে সই করবেন। নির্বাচনের কার্যবিবরণী ওই রেজলিউশন বইতে থাকবে না। প্রিসাইডিং অফিসার নির্বাচনের কার্যবিবরণী পৃথক রেজিস্টারে লিখবেন। প্রতিটি আসনে নির্বাচিত সদস্যদের নাম পাঠ করে তাঁদের সঙ্গে ভোটারদের পরিচয় করিয়ে দেবেন। নির্বাচিত সদস্যদের নাম ওই রেজিস্টারে লিখবেন। তারপর তিনি রেজিস্টারে সই করবেন। |
| ৩। যদি নির্দিষ্ট কোন গ্রাম সংসদের ভোটার হিসাবে কোন পঞ্চায়েত সমিতি বা জেলা পরিষদের সদস্য নির্বাচিত হয়ে থাকেন সেক্ষেত্রে ঐ নির্দিষ্ট সংসদের গ্রাম উন্নয়ন সমিতিতে তিনি সদস্য হিসাবে থাকতে পারবেন কিনা ? | ৩। নির্দেশিকা অনুযায়ী পঞ্চায়েত সমিতি বা জিলা পরিষদের নির্বাচিত সদস্যরা পদাধিকারবলে গ্রাম উন্নয়ন সমিতিতে সদস্য হতে পারবেন না। তবে তাঁরা সংসদের মোট ভোটারদের সংখ্যার এক শতাংশ বা দশজনের মধ্যে সাধারণ সদস্য হিসাবে নির্বাচিত হতে পারেন। |

| | |
|---|---|
| ৪। গ্রাম উন্নয়ন সমিতির প্রথম সভা আহ্বান করবেন কে ? | ৪। বিশেষ সংসদ সভায় গ্রাম উন্নয়ন সমিতি গঠিত হওয়ার পর গ্রাম উন্নয়ন সমিতির সভাপতি প্রথম সভাটি কবে কোথায় হবে তা নির্বাচিত সদস্যদের জানিয়ে দেবেন। |
| ৫। যে সকল গ্রাম পঞ্চায়েতে বিভিন্ন বিষয়ে পদাধিকারীদের বিরুদ্ধে মামলা রয়েছে বা অচলাবস্থা সৃষ্টি হয়েছে, সেখানে গ্রাম উন্নয়ন সমিতির সভা করা যাবে কিনা ? | ৫। আদালত কর্তৃক কোন নিষেধাজ্ঞা না থাকলে বিভাগীয় আদেশনামা অনুযায়ী সভানুষ্ঠান করা যেতে পারে। |
| ৬। যদি কোন ব্যক্তি ক সংসদের ভোটার হয়ে খ সংসদের নির্বাচিত সদস্য হয়ে থাকেন তবে তিনি ক সংসদের গ্রাম উন্নয়ন সমিতির সদস্য হতে পারবেন কিনা ? যদি পারেন তবে কি তিনি ক এবং খ দুটি সংসদের গ্রাম উন্নয়ন সমিতির সদস্য হবেন ? | ৬। একটি গ্রাম উন্নয়ন সমিতিতে সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত সদস্য পদাধিকারবলে সভাপতি নির্বাচিত হলেও অন্য একটি গ্রাম উন্নয়ন সমিতিতে (যেখানে তিনি আদতে ভোটার) সদস্য নির্বাচিত হতে তাঁর বাধা নেই। |
| ৭। কোন স্বনির্ভর গোষ্ঠীর সদস্যসংখ্যা ১৫ জন । তারমধ্যে ৭ জন "ক" সংসদের সদস্য, ৮ জন "খ" সংসদের সদস্য । দলটি ক সংসদ এলাকায় কাজ করছে । সেখানে খ সংসদের ঐ ৮ জনের মধ্য থেকে যে কেউ ক সংসদ উক্ত সমিতির সদস্য নির্বাচিত হতে পারবেন কিনা ? | ৭। "খ" সংসদের কোন সদস্য "ক" সংসদের উক্ত সমিতিতে সদস্য নির্বাচিত হতে পারবেন না। |
| ৮। ভোটার লিস্ট সংশোধনের ফলে যদি কোন ভোটার লিস্ট এর পার্ট থেকে কোন পাড়া বা মহল্লা অন্য পার্টের অন্তর্ভুক্ত হয় তবে যে অংশটি থেকে বিগত পঞ্চায়েত নির্বাচনে যিনি দ্বিতীয় সর্বাধিক ভোট পেয়েছিলেন। তিনি কি এই অন্তর্ভুক্ত হওয়া সংসদের গ্রাম উন্নয়ন সমিতির সদস্য হবেন ? | ৮। ২০০৩ সালের পঞ্চায়েত নির্বাচনে এবং শিলিগুড়ি মহকুমা পরিষদ এলাকায় ২০০৪ সালের পঞ্চায়েত নির্বাচনে প্রতিটি গ্রাম সংসদের যে এলাকা ছিল সেই এলাকা নিয়েই গ্রাম উন্নয়ন সমিতি গঠন করা হবে।<br>২০০৫ সালের সংশোধিত ভোটার তালিকায় যে নূতন ভোটারদের নাম ঐ এলাকায় সংযোজিত হয়েছে অথবা যে পুরাতন ভোটারদের নাম বিয়োজিত হয়েছে ঐ এলাকা থেকে সেগুলি ধরতে হবে। অর্থাৎ সংশোধিত ভোটার তালিকা অনুযায়ী ২০০৩ বা ২০০৪ সালের গ্রাম সংসদ এলাকার যারা ভোটার তারাই এই নির্বাচনে অংশগ্রহণ করবেন।<br>দ্বিতীয় সর্বাধিক ভোটপ্রাপ্ত ব্যক্তি পদাধিকারবলে গ্রাম উন্নয়ন সমিতির সদস্য হবেন। ওই ব্যক্তি যদি অন্য কোন গ্রাম সংসদ এলাকার ভোটার হন তাহলে তাঁর অসংরক্ষিত আসনে নির্বাচিত হতে বাধা নেই। |
| ৯। জটিল (**Critical**) গ্রাম সংসদের গ্রাম উন্নয়ন সমিতি গঠনের ক্ষেত্রে বিধানসভার ভোটার লিস্টগুলির **renumbering** করার প্রয়োজন আছে কিনা ? | ৯। এই দপ্তরের গত ২১-০২-২০০৫ তারিখের ৭৩৯/পি.এন./ ও/১ সংখ্যক পত্রের তৃতীয় অনুচ্ছেদের বক্তব্য অনুযায়ী ভোটার লিস্ট renumbering করার প্রয়োজন আছে। |
| ১০। গ্রাম উন্নয়ন সমিতিতে গৃহীত কোন পরিকল্পনার উপর গ্রাম পঞ্চায়েতের পরিবর্তন, পরিবর্ধন বা বাতিল করার ক্ষমতা থাকছে কিনা ? | ১০। গ্রাম সংসদ এলাকায় অর্থনৈতিক উন্নয়ন এবং সামাজিক ন্যায় প্রতিষ্ঠার লক্ষ্যে একটি পাঁচ বছরের পরিকল্পনা, একটি বার্ষিক পরিকল্পনা ও তার বাজেট তৈরী করতে গ্রাম সংসদকে সাহায্য করবে গ্রাম উন্নয়ন সমিতি। গ্রাম পঞ্চায়েত গ্রাম সংসদ পরিকল্পনার উপর ভিত্তি করে সামগ্রিকভাবে গ্রাম পঞ্চায়েত পরিকল্পনা তৈরী করবে। গ্রাম উন্নয়ন সমিতি তার সমস্ত কাজের জন্য গ্রাম সংসদের কাছে দায়বদ্ধ থাকবে। |

১১। গ্রাম সংসদ বা গ্রাম সভায় গৃহীত কোন প্রকল্প বা কর্মসূচীর উপভোক্তা তালিকা গ্রাম উন্নয়ন সমিতি পরিবর্তন বা বাতিল করতে পারে কিনা ?

১১। না। গ্রাম সংসদ দ্বারা অনুমোদিত উপকৃত ব্যক্তিদের অগ্রাধিকার তালিকা বা পরিকল্পনা বা কর্মসূচী গ্রাম উন্নয়ন সমিতি বাতিল করতে পারে না। তবে পঞ্চায়েত আইন অথবা ঐ অধীনে প্রণীত নিয়ম বা নির্দেশ অনুযায়ী যদি ঐ অনুমোদন গ্রহণ করা বা কার্যকর করা সম্ভব না হয়, তবে সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত ওই মর্মে সাধারণ সভায় লিখিত সিদ্ধান্ত নিয়ে গ্রাম সংসদকে জানাবে।

১২। যে সংসদে আকস্মিক শূন্যতার জন্য গ্রাম পঞ্চায়েত সদস্য পদে উপনির্বাচন হতে চলেছে সেই সংসদে গ্রাম উন্নয়ন সমিতি গঠন করা যাবে কিনা ?

১২। শূণ্যপদে সদস্য নির্বাচনের পর গ্রাম উন্নয়ন সমিতি গঠন করতে হবে।

১৩। গ্রাম উন্নয়ন সমিতি গঠন করা বাধ্যতামূলক কিনা ?

১৩। পঞ্চায়েত আইন, ১৯৭৩-এর ১৬-ক ধারার (৬) উপধারার (গ) প্রকরণ অনুযায়ী গ্রাম উন্নয়ন সমিতি গঠন করা বাধ্যতামূলক।

১৪। কোন গ্রাম সংসদে পুরুষ পরিচালিত ২(দুই)টি ও মহিলা পরিচালিত ৩(তিন) টি মোট ৫(পাঁচ)টি স্বনির্ভর গোষ্ঠী থাকলে এবং ঐ গোষ্ঠীর মধ্যে অর্ধেক মহিলা ও অর্ধেক পুরুষ বর্তমান থাকলে ঐ মহিলা পরিচালিত তিনটি গোষ্ঠী থেকে তিনজন সদস্য নেওয়া হবে কিনা ?

১৪। স্বনির্ভর গোষ্ঠীগুলি থেকে নির্বাচিত মোট তিনজন সদস্যেরমধ্যে দুজন সদস্য মহিলা পরিচালিত স্বনির্ভর গোষ্ঠীর সদস্য হওয়া বাধ্যতামূলক।

১৫। ঐ তিন সদস্য নির্বাচনের ক্ষেত্রে কি কেবলমাত্র সংশ্লিষ্ট স্বনির্ভর দলের সদস্যগণই তাঁদের দলের কোন ব্যক্তির নাম প্রস্তাব করবেন না গ্রাম সংসদের সভায় উপস্থিত য়ে কোন ব্যক্তিই এরূপ নাম প্রস্তাব করতে পারবেন কি ?

১৫। সংরক্ষিত আসনে নির্বাচিত হওয়ার যোগ্য ব্যক্তি ও স্বনির্ভর দলের প্রতিষ্ঠানের তালিকা গ্রাম উন্নয়ন সমিতি গঠনের অন্তত ১৫ দিন আগে গ্রাম পঞ্চায়েত অফিসে টাঙাতে হবে। স্বনির্ভর দলের সদস্যগণই তাঁদের দলের কোন সদস্যের নাম প্রস্তাব করবেন। সংশ্লিষ্ট ব্যক্তিকে সংশ্লিষ্ট সংসদ এলাকার ভোটার হতে হবে।

১৬। গ্রাম সংসদের বিশেষ অধিবেশনে উপস্থিত ব্যক্তিগরনর স্বাক্ষর করার হাজিরা খাতা কেমন হবে হাজিরা খাতা ব্যবহার না করে ফুলস্কেপ কাগজে স্বাক্ষর দিলে তা কি গ্রহণযোগ্য হবে না ?

১৬। হাজিরা খাতাটি বাঁধাই করা রেজিস্টার হবে। প্রতি পাতায় নম্বর থাকবে। ফুলস্কেপ কাগজ ব্যবহার করা যাবে না।

১৭। গ্রাম উন্নয়ন সমিতির গঠনের উদ্দেশ্যে নির্বাচিত সদস্যদের নামগুলো নির্দিষ্ট রেজিষ্টারে লিপিবদ্ধ না করে সাধারণ সাদা কাগজে লিখে নিয়ে গেলে তা কি গন্য করা হবে ?

১৭। নির্বাচিত সদস্যের নামগুলি প্রিসাইডিং অফিসার কর্তৃক বিশেষ সভার নির্বাচন প্রক্রিয়ার কার্যবিবরণী রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে। সাধারণ কাগজে লিখলে তা গৃহীত হবে না।

১৮। পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদের সদস্য সংশ্লিষ্ট গ্রাম উন্নয়ন সমিতির সদস্য হিসাবে নির্বাচিত হতে পারবেন কিনা ?

১৮। নির্দেশিকা অনুযায়ী পঞ্চায়েত সমিতি বা জিলা পরিষদের নির্বাচিত সদস্যরা পদাধিকারবলে গ্রাম উন্নয়ন সমিতিতে সদস্য হতে পারবেন না। তবে তাঁরা সংসদের মোট ভোটারদের সংখ্যার এক শতাংশ বা দশজনের মধ্যে সাধারণ সদস্যরূপে নির্বাচিত হতে পারেন।

১৯। পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদ সদস্য যিনি একই ব্লকের অন্য গ্রাম পঞ্চায়েত এলাকা থেকে নির্বাচিত কিন্তু বাসস্থান সংশ্লিষ্ট গ্রামসংসদ এলাকায় হলে ঐ সংসদ এলাকার ভোটার হলে ঐ গ্রাম সংসদের গ্রাম উন্নয়ন সমিতির সদস্য হিসাবে নির্বাচিত হতে পারবেন কিনা ?

১৯। নির্দেশিকা অনুযায়ী পঞ্চায়েত সমিতি বা জিলা পরিষদের নির্বাচিত সদস্যরা পদাধিকারবলে গ্রাম উন্নয়ন সমিতিতে স্দস্য হতে পারবেন না। তবে তাঁরা সংসদের মোট ভোটারদের সংখ্যার এক শতাংশ বা দশজনের মধ্যে সাধারণ সদস্যরূপে নির্বাচিত হতে পারেন।

২০। "চ" নং ক্যাটাগরীর সংরক্ষিত পদে প্যারাটিচার / শিশুশিক্ষা কেন্দ্র, মাধ্যমিক শিক্ষা কেন্দ্র সহ এই ধরনের শিক্ষাকেন্দ্রের শিক্ষকগণ শিক্ষক হিসাবে গন্য হবেন কি না এবং এই কোটায় নির্বাচিত হতে পারবেন কিনা ?

২০। হ্যাঁ।

২১। অবসরপ্রাপ্ত বা কর্মরত সরকারি কর্মচারী হিসাবে একস্ট্রা ডিপার্টমেন্টাল পোষ্টমাষ্টার, পিওন, পৌরসভা ও পঞ্চায়েত কর্মচারী , সামরিক বাহিনীর কর্মচারী সহ রাজ্য সরকারী দপ্তরে চুক্তির ভিত্তিতে নিয়োজিত কর্মচারীরা সরকারী কর্মচারী হিসাবে গন্য হবেন কিনা এবং ঐ কোটায় নির্বাচিত হতে পারবেন কিনা?

২০। হ্যাঁ।

২২। "গ" নং ক্যাটাগরীর সংরক্ষিত কোটায় স্বেচ্ছাসেবী সংস্থা হিসাবে বঙ্গীয় স্বাক্ষরতা প্রসার সমিতি, বিজ্ঞানমঞ্চ, গণনাট্য সংঘ প্রভৃতি এই ধরনের সংস্থা গন্য হবে কিনা ? রেজিষ্টার্ড ক্লাব সমূহ ,ডি ই সি কমিটি, ডিপটিউবয়েল সেচ কমিটি , এন জি ও কর্তৃক তৈরী কোন গ্রুপ বা সংস্থা এই ক্যাটাগরীর আওতায় আসবে কিনা ?

বঙ্গীয় স্বাক্ষরতা প্রসার সমিতির মত সংস্থা যদি গন্য হয় তবে ঐ সংস্থার সদস্য কারা হবেন তার শংসাপত্র কে দেবেন

২২। হ্যাঁ, তবে সংগঠনগুলিকে সংশ্লিষ্ট সংসদ এলাকায় কর্মরত থাকতে হবে, এবং উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধীকৃত অথবা রাজ্য-সরকার কর্তৃক অনুমোদিত হতে হবে। যে ব্যক্তিরা এই সমিতির সদস্য এবং সংসদের ভোটার তাঁরা গ্রাম উন্নয়ন সমিতিতে সদস্য হতে পারবেন। বঙ্গীয় সাক্ষরতা প্রসার সমিতি এই মর্মে শংসাপত্র দেবেন।

২৩। মুলতুবী সভায় কোরাম না হলে (১০ শতাংশের নীচে উপস্থিতি হলে) সভা কী পুনরায় মুলতুবী ঘোষিত হবে ?

২৩। মুলতুবী সভাতে ১০ শতাংশ সদস্য উপস্থিত না হলে, অর্থাৎ কোরাম না হলে অবার নূতন করে বিশেষ গ্রাম সংসদ সভা ডাকতে হবে এবং সেক্ষেত্রে ২০ শতাংশ উপস্থিতি আবশ্যক।

২৪। গ্রাম সংসদ এলাকায় উপযুক্ত স্বনির্ভর গোষ্ঠী না থাকলে এই ক্যাটিগরী থেকে সদস্য নির্বাচন কী স্থগিত থাকবে ?

২৪। উপর্যুক্ত স্বনির্ভর গোষ্ঠী না থাকলে এই ক্যাটিগরীর সদস্যপদ খালি থাকবে। পরবর্তী গ্রাম সংসদ সভায় ঐ পদ পূরণ করা হবে যদি উপযুক্ত প্রার্থী পাওয়া যায়।

২৫। কোনো গ্রাম সংসদ এলাকায় মৃত্যুজনিত বা অন্য কোন কারণে গ্রাম পঞ্চায়েত সদস্যপদ খালি থাকলে গ্রাম উন্নয়ন সমিতির পদ কিভাবে পূরণ হবে ?

২৫। সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতর প্রধান / উপপ্রধান গ্রাম উন্নয়ন সমিতির সভাপতির দায়িত্ব পালন করবেন যতদিন না নূতন সদস্য নির্বাচিত হয়ে শপথ নিচ্ছেন।

২৬। সংশোধিত ভোটার তালিকা অনুযায়ী কী গ্রাম উন্নয়ন সমিতি গঠিত হবে ?

২৬। ০১-০১-২০০৫-এ প্রকাশিত নির্বাচক তালিকায় যে সমস্ত ভোটার আছেন তাঁরা গ্রাম উন্নয়ন সমিতি গঠনের জন্য বিশেষ গ্রাম সংসদ সভায় উপস্থিত থাকতে পারবেন।

২৭। যদি সংশ্লিষ্ট সংসদ এলাকায় স্বেচ্ছাসেবী সংস্থা এবং অন্যান্য সমষ্টিভিত্তিক সংগঠন (যেমন গ্রাম শিক্ষা কমিটি, শিশু শিক্ষাকেন্দ্র, অঙ্গনওয়াড়ি কেন্দ্র ইত্যাদি)-এর সংখ্যা তিন-এর কম হয় তাহলে কী কোনো সমিতি থেকে একাধিক সদস্য নিয়ে এই ক্যাটাগরীর তিনটি পদ পূরণ করা যাবে কিনা ?

২৭। একটি সমিতি থেকে কেবলমাত্র একজন সদস্যই মনোনীত / নির্বাচিত হবেন। খালি পদটি/গুলি উপযুক্ত সমিতি পেলে পরবর্তী সংসদ সভায় পূরণ করা যাবে।

২৮। যদি কোনো একটি সংসদ এলাকায় কেবলমাত্র একজন সরকারী কর্মচারী বা শিক্ষক থাকেন– প্রস্তাবনা, সমর্থন এবং সংসদের অনুমোদন ছাড়াই কি তিনি সরাসরি নির্বাচিত হবেন ?

২৮। সংসদ সভায় তার নাম যথারীতি প্রস্তাবিত হবে। অতঃপর তিনি রাজি থাকলে নির্বাচিত হবেন।

*স্বাঃ-মানবেন্দ্র নাথ রায়*
*সচিব*
*পশ্চিমবঙ্গ সরকার*

নং- ২০৭৩/১(৪২০০)/পি.এন.ও/এক/১এ–১/০৪(অংশ-২)　　　　　　　　　　　　　　তারিখ ঃ ২৭শে মে, ২০০৫

জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রতিলিপি প্রদত্ত হল–

১। সভাধিপতি, ...................................................... জিলা পরিষদ।

২। কমিশনার, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, পশ্চিমবঙ্গ।

৩। অধিকর্তা, রাজ্য পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন সংস্থা, কল্যাণী, নদীয়া।

৪। জেলা শাসক, ...................................................(সকল)

৫। অতিরিক্ত নির্বাহী আধিকারিক, ........................................................... জিলা পরিষদ।

গ্রাম উন্নয়ন সমিতির হাত বইটিতে এই বিভাগের ২৭-০৫-২০০৫ তারিখের ২০৭৩/পি.এন. নং পরিপত্রে আলোচিত প্রশ্নোত্তরগুলি অন্তর্ভূক্ত করে তাঁর জেলার জন্য প্রয়োজনীয় সংখ্যক হাতবই জিলা পরিষদের নিজস্ব ছাপাখানা থেকে ছাপিয়ে নিয়ে সংশ্লিষ্ট সকলকে বিতরণ করতে অনুরোধ করা হল। ঐ হাতবই ছাপানোর খরচ জিলা পরিষদের নিজস্ব তহবিল থেকে বহন করতে হবে।

৬। জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিককে তাঁর জেলায় ৭, ৮, ৯ ও ১০ নং ক্রমিক সংখ্যায় বর্ণিত আধিকারিকদের মধ্যে প্রতিলিপি বিতরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ করা হল।

৭। মহকুমা শাসক, ...................................................(সকল)

৮। সভাপতি, .................................................. পঞ্চায়েত সমিতি(সকল)

৯। ব্লক উন্নয়ন আধিকারিক, ...................................................(সকল)

১০। প্রধান, ................................................... গ্রাম পঞ্চায়েত (সকল)

*স্বাঃ-দিলীপ ঘোষ*
*যুগ্ম-সচিব*
*পশ্চিমবঙ্গ সরকার*